কালের কণ্ঠ

তারিখ ... 09 SEP 2015 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৩ .....

### হাইকোর্টের রুল জারি

# বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের টিউশন ফির ওপর ভ্যাট আরোপ কেন অবৈধ নয়

নিজস্ব প্রতিবেদক ▷

দেশের সব বেসরকারি বিশ্ববিদ্যালয়, মেডিক্যাল কলেজ ও ইঞ্জিনিয়ারিং কলেজের শিক্ষার্থীদের টিউশন ফির ওপর ভ্যাট আরোপ করা কেন অবৈধ ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। অর্থ, শিক্ষা ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সচিব, জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যানকে রুলের জবাব দিতে বলা হয়েছে।

বিচারপতি শেখ হাসান আরিফ ও বিচারপতি জে এন দেব চৌধুরীর বেঞ্চ এ আদেশ দেন। ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সমাজতত্ত্ব বিভাগের শিক্ষার্থী ইমরান এবং ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির বিবিএর শিক্ষার্থী মেহেদি হাসান খানের করা এক রিট আবেদনের ওপর প্রাথমিক শুনানি শেষে এ আদেশ দেওয়া হয়। আদালতে রিট আবেদনকারীর পক্ষে শুনানি করেন অ্যাডভোকেট এ কে এম সালাউদ্দিন খান। গত ২ সেপ্টেম্বর এ রিট আবেদন করা হয়। এ নিয়ে একই বিষয়ে তিনটি রুল জারি করা হলো। এর আগে গত ৯ ও ২৪ আগস্ট হাইকোর্টের একই বেঞ্চ পৃথক দুটি রুল জারি করেন।

বেসরকারি বিশ্ববিদ্যালয়, বেসরকারি মেডিক্যাল কলেজ এবং বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজের শিক্ষার্থীদের টিউশন ফির ওপর ৭.৫ শতাংশ ভ্যাট আরোপ করে গত ৪ জুলাই এনবিআর প্রজ্ঞাপন জারি করে। এ অবস্থায় ভ্যাট বসানোর বৈধতা চ্যালেঞ্জ করে রিট আবেদন করা হয়। আবেদনে বলা হয়, বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের টিউশন ফির ওপর করারোপ করা হলেও পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ওপর করারোপ করা হয়নি। এটা বৈষম্যমূলক।